৬

দৈনিক সংবাদ

তারিখ ... 14 MAY 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৭

# কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বান

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষায় যারা ভুল করে অংশ নিতে পারেনি মানবিক কারণে তাদের জন্য একটি ভর্তি পরীক্ষার ব্যবস্থা করার জন্য বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছে।

সমিতির সভাপতি ডঃ ম আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান এক বিবৃতিতে বলেন, চট্টগ্রামের একটি দৈনিক পত্রিকায় পরীক্ষা হবে না বলে ভুল খবর প্রকাশিত হওয়ার কারণে শত শত ছাত্রছাত্রী সেদিন পরীক্ষা দিতে পারেনি। বিবৃতিতে তারা এসব ছাত্র–ছাত্রীর মধ্যে অকৃতকার্যদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাস কোর্সে ভর্তির মেয়াদ বাড়ানোর জন্যও কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানান।